

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

ভর্তির জন্য অনলাইনে বিভাগ পছন্দের ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্স)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ইং শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তির জন্য গত ২০ অক্টোবর, ২০১৭ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল গত ২৩/১০/১৭ইং তারিখ প্রকাশ করা হয়। উক্ত ফলাফলের ভিত্তিতে ৩য় পর্যায়ে মেধা তালিকার ২৮০১তম হইতে মেধা তালিকার ৩৮০০তম পর্যন্ত ভর্তি সম্পন্ন হইয়াছে।

৪র্থ পর্যায়ে মেধা তালিকার ৩৮০১তম হইতে ৪৫০০তম প্রার্থীকে অদ্য ১১/০১/১৮ইং বিকাল ৪-০০ ঘটিকা হইতে ১৫/০১/১৮ইং তারিখ সকাল ৯-০০ মি. পর্যন্ত ভর্তিচ্ছু প্রার্থীদের বিভাগ পছন্দক্রম admission.kuet.ac.bd -ওয়েব সাইটে online-এর মাধ্যমে পূরণ করিয়া Submit করিতে হইবে এবং পছন্দক্রমের প্রিন্ট কপি যাচাই কমিটির সামনে উপস্থাপন করিবার জন্য সংরক্ষণ করিতে হইবে। উল্লেখ্য, বিভাগ পছন্দক্রম জমা দেওয়ার বিষয়টি ভর্তির জন্য কোন নিশ্চয়তা প্রদান করিবে না। কোনো বিভাগে ভর্তি সম্পূর্ণরূপে মেধার ভিত্তিতে, পছন্দক্রম অনুসারে ও আসন খালি থাকা সাপেক্ষে হইবে।

০৩/০১/১৮ইং তারিখ পর্যন্ত ভর্তির পর খালি আসনের তালিকা (Updated on: ১১/০১/১৮ইং)

CE Faculty				EEE Faculty					ME Faculty				
CE	URP	BECM	Arch.	EEE	CSE	ECE	BME	MSE	ME	IEM	LE	TE	ESE
0	37	0	0	0	0	0	0	0	0	0	0	0	0

মেধা তালিকার ৩৮০১তম হইতে ৪৫০০তম প্রার্থীর

বিভাগ পছন্দ পূরণকৃত ফরম, রিপোর্টিং ও ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচি


অনলাইনে বিভাগ পছন্দ ফরম পূরণ	১১/০১/১৮ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪-০০ ঘটিকা হইতে ১৫/০১/১৮ইং রোজ সোমবার সকাল ৯-০০ ঘটিকা পর্যন্ত
রিপোর্টিং-এর স্থান, তারিখ ও সময়	পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়, KUET (Admin Building), ১৫/০১/১৮ইং, রোজ সোমবার সকাল ১০-০০ ঘটিকা থেকে সকাল ১১-০০ ঘটিকা পর্যন্ত
মূল সনদপত্রাদি ও বিভাগ পছন্দক্রম শীট যাচাই ও জমাদান শুরু	১৫/০১/১৮ইং, রোজ সোমবার সকাল ১০-৩০ মিনিট
স্বাস্থ্য পরীক্ষা শুরু	১৫/০১/১৮ইং, রোজ সোমবার সকাল ১০-৩০ ঘটিকা
বিভাগ পছন্দক্রম, মেধাক্রম ও আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত প্রার্থীদের সম্ভাব্য বিভাগ বরাদ্দ	১৫/০১/১৮ইং, রোজ সোমবার, বেলা ১২-০০ ঘটিকা
ভর্তিচ্ছু প্রার্থীর ভর্তির ফিস জমা দেয়ার ফরম প্রদান	১৫/০১/১৮ইং, রোজ সোমবার বেলা ১২-৩০ মি. হইতে বেলা ৩-০০ ঘটিকা পর্যন্ত
ব্যাংকে ফিস জমাদান পূর্বক শিক্ষা শাখার কপি অফিসে জমা দিয়া ভর্তির নিশ্চিতপত্র (Confirmation Letter of Admission) গ্রহণ	১৫/০১/১৮ইং, রোজ সোমবার বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত

ভর্তির সময় যাচাই-বাছাই কমিটির নিকট নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হইবে

* বোর্ড কর্তৃক প্রদত্ত মূল (Original) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ
* মাধ্যমিক পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রশংসা পত্র
* সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট ও ৪ (চার) কপি স্ট্যাম্প সাইজের রঙীন ছবি
* স্বাক্ষরসহ বিভাগ পছন্দক্রম শীট

বি:দ্র:

- ১। যাচাই-বাছাই কমিটির নিকট বিভাগ পছন্দক্রম নিশ্চিত করিবার পর তাহা পরিবর্তন করা যাইবে না।
- ২। প্রাপ্ত বিভাগে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর পছন্দ অনুযায়ী ও মেধাক্রমের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে (Auto Migration) বিভাগ পরিবর্তন হইয়া যাইবে। তবে ভর্তিকৃত বিভাগ পরিবর্তন করিতে না চাহিলে অবশ্যই “Auto Migration” বন্ধের জন্য নির্ধারিত আবেদনপত্র ১৫/০১/১৮ইং তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে শিক্ষা শাখায় জমা দিতে হইবে।
- ৩। জমাকৃত মূল (Original) সনদপত্র, প্রশংসাপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ ভর্তি বাতিল করিলে অথবা ভর্তি না হইলে ফেরত পাওয়া যাইবে।
- ৪। আসন পূর্ণ হওয়ার পর অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত দিনে উপস্থিত হইলেও তাহাদেরকে ভর্তি করা হইবে না তবে তাহাদেরকে ভর্তির জন্য অপেক্ষমান তালিকায় রাখা হইবে। কোন কারণে ওরিয়েন্টেশন ও ক্লাস শুরুর পূর্বের দিন পর্যন্ত (ওরিয়েন্টেশন ও ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ ২৫/০১/১৮ইং) আসন খালি হইলে উক্ত রিপোর্টিংকৃত প্রার্থীদের মধ্য হইতে মেধাক্রম অনুযায়ী ভর্তি করা হইবে।



11.01.18

(প্রফেসর ড. মিজির রঞ্জন হালদার)

সভাপতি, ভর্তি পরীক্ষা কমিটি

শিক্ষাবর্ষঃ ২০১৭-২০১৮

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়